

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক]

প্রজ্ঞাপন

তারিখ: ১৬ আষাঢ়, ১৪২৬ বঙ্গাব্দ / ৩০ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ।

এস.আর.ও. নং-২৩৭-আইন/২০১৯/৭৩-মূসক।- মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৭খ, ধারা ১৩৫ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, শিপ ব্রেকিং ইয়ার্ড থেকে অগ্রিম মূল্য সংযোজন কর আদায় সংক্রান্ত (বিশেষ) বিধিমালা, ২০১৯ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত বিধিমালার-

(ক) বিধি-১ এর উপ-বিধি (১) এ উল্লিখিত “থেকে” শব্দটির পরিবর্তে “হইতে” শব্দটি প্রতিস্থাপিত হইবে;

(খ) বিধি-৪ এর উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(১) আমদানিকৃত অথবা স্থানীয়ভাবে সংগৃহীত শিপ ভাঙ্গিয়া উৎপাদিত স্ক্র্যাপ/শিপ স্ক্র্যাপের উপর আইনের ধারা ১৫ এর উপ-ধারা (৩) এর শর্তাংশ মোতাবেক তৃতীয় তফসিলের টেবিল-৪ এ উল্লিখিত পরিমাণ সুনির্দিষ্ট কর আরোপযোগ্য হইবে।”;

(গ) বিধি-৫ এর উপ-বিধি (১) এর-

(অ) দফা (খ) এ উল্লিখিত “এ উল্লিখিত মূল্যের ভিত্তিতে” শব্দসমূহের পরিবর্তে “মোতাবেক” শব্দটি প্রতিস্থাপিত হইবে;

(আ) দফা (গ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (গ) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(গ) বিভাগীয় কর্মকর্তা শিপে বাহিত পণ্যের ন্যায্য বাজারমূল্যের উপর প্রদেয় ব্যবসায়ী পর্যায়ের প্রযোজ্য মূসক আদায় করিবেন;”;

(ঘ) “ফরম-ক” এর ক্রমিক নং-৪ ও উহার বিপরীতে উল্লিখিত এন্ড্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং-৪ ও এন্ড্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

“৪। শিপ এর ওজন এবং শিপে বাহিত পণ্যের সুনির্দিষ্ট পরিমাণ, বিবরণ ও মূল্য

”।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(ড. আব্দুল মান্নান শিকদার)
সদস্য (মুসক নীতি)